

বাংলাদেশ ফিল্ম আর্কাইভে স্বাগতম

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ তথ্য মন্ত্রণালয়ানাধীন চলচ্চিত্র সংশ্লিষ্ট একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। দেশের হাজার বছরের সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ মূলত: সনাতন চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণসহ চলচ্চিত্র বিষয়ক গবেষণা, প্রকাশনা ও ফিল্ম এপ্রিসিয়েশন কোর্স বাস্তবায়ন করে থাকে। প্রতিষ্ঠানটি খুব ক্ষুদ্র পরিসরে যাত্রা শুরু করলেও বর্তমানে এর কর্মপরিধি ও গুরুত্ব দিন দিন বাড়ছে। বাড়ছে মানুষের আগ্রহও। সামপ্রতিক বছর গুলোতে দেশের বিশ্ববিদ্যালয় গুলোতে ফিল্ম ও মিডিয়া বিষয়ক অনুষদ খোলার প্রেক্ষিতে চলচ্চিত্র বিষয়ক তরুণ গবেষকদের সংখ্যা বাড়ছে। তাদের পদচারণায় মুখরিত হচ্ছে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ। ফলে একই সাথে বাড়ছে ফিল্ম আর্কাইভের গুরুত্বও। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান দু'টো প্রকল্প সমাপ্ত হলে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্রমোদী মানুষদের প্রত্যাশা পূরণে সক্ষম হবে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠা, এর লক্ষ্য ও উদ্দেশ্য, কার্যাবলী, পরিচালন নীতিমালা, সিটিজেন চার্টার, গবেষণা, প্রকাশনা, ফিল্ম ভল্ট, সংরক্ষণ ও চলচ্চিত্র প্রদর্শনী সহ সকল বিষয়ে এ সাইট থেকে বিস্তারিত জানা যাবে। আশা করছি, চলচ্চিত্রের প্রতি আগ্রহী মানুষদের এবং একই সাথে আমাদের নতুন প্রজন্মের প্রয়োজনীয় তথ্য ও উপাত্তের চাহিদা পূরণে সক্ষম হবে এ সাইটটি।